



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours Part-I Examination, 2022

বাংলা

প্রথম পত্র

সময়: ৪ ঘণ্টা

পূর্ণমান: ১০০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

- ১। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের পুঁথি আবিষ্কারের বিবরণ দাও। কাব্যটির পরিচয় দিয়ে মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাসে এর গুরুত্ব নির্ধারণ করো। ৩+৭+৫
- অথবা
চৈতন্যদেবকে নিয়ে মধ্যযুগে জীবনী সাহিত্য রচনার কারণ কী? উল্লেখযোগ্য দুটি চৈতন্য জীবনী গ্রন্থের পরিচয় দাও। ৩+৬+৬
- অথবা
ভারতচন্দ্রের আবির্ভাবের পটভূমি বিশ্লেষণ করে বাংলা মঙ্গলকাব্যের ধারায় 'অন্নদামঙ্গল' কাব্যের বৈশিষ্ট্য নির্দেশ করো। ১৫
- ২। বাংলা সাহিত্যের বিকাশে 'দিগদর্শন' থেকে 'বঙ্গদর্শন' পর্যন্ত সাময়িক পত্রের ভূমিকা ও অবদান নির্ণয় করো। ১৫
- অথবা
উনিশ শতকের বাংলা মহাকাব্য ধারার পরিচয় দাও। এই ধারাটি লুপ্ত হয়ে গেল কেন সে সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো। ১২+৩
- অথবা
বাংলা নাট্যসাহিত্যের ধারায় গিরিশচন্দ্র ঘোষের অবদান নির্ণয় করো। ১৫
- ৩। রবীন্দ্রোত্তর আধুনিক বাংলা কবিতার ক্ষেত্রে নজরুল ইসলাম অথবা প্রেমেন্দ্র মিত্রের কবি প্রতিভার পরিচয় দাও। ১৫
- অথবা
বাংলা ছোটগল্পে জগদীশ গুপ্তের অবদান আলোচনা করো। ১৫
- অথবা
গণনাট্যের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে বাংলা নাট্যসাহিত্যে বিজন ভট্টাচার্যের কৃতিত্ব আলোচনা করো। ৫+১০
- ৪। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০
- (ক) বাঙালি সমাজ ও সংস্কৃতিতে তুর্কি আক্রমণ কতটা প্রভাব ফেলেছিল তা আলোচনা করো।
(খ) কল্লোল যুগ বলতে কী বোঝো? এই যুগের একজন কবির কবিতার বৈশিষ্ট্য আলোচনা করো।
(গ) বাংলা ছোটগল্পে মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রতিভার পরিচয় দাও।

- ৫। নিম্নলিখিত প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে যে-কোনো **তিনটি** গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দাওঃ ৫×৩ = ১৫
- | | | |
|-------------------------|------------------|-----------------|
| (ক) (i) শ্রীরাম পাঁচালি | (ii) অন্নদামঙ্গল | (iii) সতীময়না |
| (খ) (i) জনা | (ii) পঞ্চভূত | (iii) বিষবৃক্ষ |
| (গ) (i) ছেঁড়া তার | (ii) আরণ্যক | (iii) উলঙ্গরাজা |
- ৬। নিম্নলিখিত যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫
- (ক) কালসীমা নির্দেশ করে অন্ত্যমধ্য বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো। ২+১৩
- (খ) বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত দেশি ও বিদেশি শব্দসমূহের দৃষ্টান্তসহ আলোচনা করো। ১৫
- (গ) শব্দার্থ পরিবর্তনের কারণ নির্ণয় করে বাংলা ভাষায় শব্দার্থ পরিবর্তনের প্রধান ধারাগুলি সম্পর্কে আলোচনা করো। ৭+৮
- ৭। নিম্নলিখিত যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫
- (ক) উদাহরণসহ যে-কোনো **পাঁচটির** সংজ্ঞা নির্দেশ করোঃ ৩×৫
আদিষ্ণুরাগম, অপিনিহিতি, বিপর্যাস, মূর্খনীভবন, লোকনিরুক্তি, নাসিকীভবন, সমীভবন।
- (খ) যে-কোনো **পাঁচটির** ভাষাতাত্ত্বিক টীকা লেখোঃ ৩×৫
লেডিকেনি, আমি, গাজন, চিড়া, সতের, পাষাণ, দাম, রোজা, আলতা।

N.B. : *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

—x—